



গুমের শিকার পরিবার নিয়ে ‘অপসংস্কৃতি’ বন্ধের আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

গুমের শিকার ব্যক্তিদের পরিবারকে গত দুই বছর ধরে অবজ্ঞা করার যে চর্চা দেখা গেছে, তা বন্ধের আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

শনিবার (২৯ আগস্ট) রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরে ‘মায়ের ডাক’ আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থানের কারণে তিনি ভারত থেকে দেশে ফিরতে পেরেছেন। এ আন্দোলনে অংশ নেওয়া সবার প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। গুমের শিকার ব্যক্তিদের দ্রুত ও যথাযথ বিচার নিশ্চিত করতে প্রয়োজনীয় আইন প্রণয়নের উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

সালাউদ্দিন আহমেদ বলেন, গুমের শিকার ব্যক্তিদের ন্যায়বিচার নিশ্চিত করার বিষয়ে সরকারের আন্তরিকতার কোনো ঘাটতি নেই। ‘গুম প্রতিরোধ ও প্রতিকার আইন’-এ কিছু ভুলত্রুটি থাকতে পারে, তবে তা সংশোধনের সুযোগ রয়েছে।

তিনি আরও বলেন, গণঅভ্যুত্থানের পর পুলিশকে পুনর্গঠন করে স্বাভাবিক কার্যক্রমে ফিরিয়ে আনা হয়েছে। রযাবের আনুষ্ঠানিক বিলুপ্তির বিষয়েও কাজ চলছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জবাবদিহির আওতায় আনতে সরকার কাজ করছে।

বাগেরহাটের মোংলায় নিখোঁজ মিরাজ শেখের বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মিরাজ শেখের বিরুদ্ধে জলদস্যুতার অভিযোগ রয়েছে। তার ঘটনায় গুমের কাহিনি সাজানো হয়েছে বলে দাবি করেন তিনি। বিষয়টি নিয়ে ইতোমধ্যে স্বাধীন তদন্ত হয়েছে। এরপরও কেউ নতুন করে তদন্ত চাইলে সরকার সে বিষয়ে প্রস্তুত রয়েছে বলে জানান তিনি।